# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 29 May, 2025

সৌদি আরবের তাবুকে লরি চাপায় নোয়াখালীর বেগমগঞ্জের এক যুবকের মৃত্যু হয়েছে।

নিহত সাইফুল ইসলাম (৩৮) বেগমগঞ্জ উপজেলার কাদিরপুর ইউনিয়নের ৭নম্বর ওয়ার্ডের জুনাহাজী ভূঁইয়া বাড়ির মৃত নুরু পুলিশের ছেলে। তিনি এক কন্যা সন্তানের জনক ছিলেন।

বৃহস্পতিবার (২৯ মে) সকালে বিষয়টি নিশ্চিত করেন মো. সালাহ উদ্দিন। এর আগে, গতকাল বুধবার তাবুক শহরের স্থানীয় একটি হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

স্থানীয় সূত্রে জানা যায়, সংসারের হাল ধরতে দেড় বছর আগে সৌদি আরব যান সাইফুল।সেখানে তিনি একটি পেট্রোল পাম্পে চাকরি নেন। বুধবার ২৮ মে একটি গাড়িতে তেল দেওয়ার সময় আরেকটি লরি এসে তাকে চাপা দিলে তিনি গুরুত্বর আহত হন।পরে তাকে স্থানীয় একটি হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

কাদিরপুর ইউনিয়নের সাবেক ইউপি সদস্য মো.ফয়েজ উল্যাহ ভূঁইয়া তনু বলেন, তার মৃত্যুর খবরে পুরো এলাকায় শোকের ছায়া নেমে আসে।তার মরদেহ দ্রুত দেশে আনার ব্যবস্থা করতে সরকারের সহযোগিতা চেয়েছে পরিবার।

সৌদি আরব

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 01:50

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/3096775807